

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ  
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৪/এন-২/০৭


তারিখ: ০১-০২-২০২৪ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংখ্যালঘু সম্প্রদায় তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীষ্টান) সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধি/প্রতিবন্ধি (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতি (ক্ষুদ্র গু-গোষ্ঠী) একাদশ থেকে স্নাতকোত্তর শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত “ফরম নং-২” (www.debendracollege.gov.bd) পূরণ পূর্বক ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৪-০৩-২০২৪ তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় জমা দেয়ার জন্য আহ্বান করা হলো।

### শর্তাবলী :

১. নির্ধারিত তারিখের আগে অথবা পরে দাখিলকৃত সকল আবেদনই বাতিল বলে গণ্য হবে।
২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক আলাদা আলাদা ক্যাটাগরী/শ্রেণিভিত্তিক অগ্রায়ণপত্র (ফরম ওয়ার্ডিং) থাকতে/দিতে হবে।
৩. বিভিন্ন সম্প্রদায় সনাক্ত করণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৪. তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীষ্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধি/প্রতিবন্ধি (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গু-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/ প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র দাখিল করতে হবে।
৫. শিক্ষাগত যোগ্যতার সকল নথরপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
৬. ফরমে প্রতিষ্ঠান প্রধানের টেলিফোন; মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
৭. সকল প্রতিষ্ঠানকে মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম **download** পূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ এবং তথ্য ফরম যথাযথ পূরণ ও প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্তিসহ প্রতিষ্ঠান প্রধানগণ যাচাইপূর্বক অগ্রায়ণপত্রসহ স্ব-স্ব আঞ্চলিক অফিসে আবেদনসমূহ প্রেরণ করবেন।
৮. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৯. চূড়ান্তভাবে নির্বাচিত উপবৃত্তি প্রাপ্তদের নামের তালিকা স্ব-স্ব আঞ্চলিক অফিসের ওয়েবসাইটের উপবৃত্তি সংক্রান্ত নির্ধারিত লিংকে প্রকাশ করবেন।
১০. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম দিতে হবে।
১১. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে, হিসাবটি সচল (Active) থাকতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
১২. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে:

  
01.02.2024  
(প্রফেসর ড. মোঃ রেজাউল করিম)

আইডি নং ২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

প্রফেসর ড. মোঃ রেজাউল করিম

আইডি নম্বর : ২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। উপাধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০২। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৩। হিসাব রক্ষক, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৪। সংরক্ষণ নথি।